GSPC
Culture leads us to Karma

শারদ উৎসব
2015



Artist Name:
**Ms. Prataki Halder,**
Class I , Age- 6 yrs.
School: Gadadhar Pathshala. West Bengal, India


ENT AND ALLERGY ASSOCIATES, LLP
ENTANDALLERGY.COM
Call us today.See us today!®
1-855-ENTA-DOC
Our Services
Advanced Sinus/Skull base
Adult and Pediatric Allergy, Asthma and Immunology
Balloon Sinus Procedure
Clinical Research
Ear and Dizziness
Adult Ear, Nose and Throat
Facial Plastic Surgery
Hearing Aids & Audiology
Pediatric Ear, Nose and Throat
Sleep Services
Voice and Swallowing
170 physicians
practicing in over
40 offices
throughout New York
and New Jersey
Saturday Appointments Available
www.entandallergy.com

Dear Friends and Family,

শারদীয়া শুভেচ্ছা ! *Sharodiya Shubhechha !*

GSPC
Culture leads us to Karma

I welcome all of you to GSPC Durga Puja-2015. Established in 1981, Garden State Puja Committee (GSPC) is one of the oldest socio-cultural organizations in New Jersey. Since its inception, GSPC has been hugely successful in bringing Bengalis of the Tri-State area closer through major events like Durga Puja and Saraswati Puja. Thanks to the endeavor, guidance and committee of its senior leaders. The organization has seen some changes over the past few years and its current form has evolved significantly that I am happy to publicize.

Over the last few years our organization has taken significant strides in giving back to the society through philanthropic work both in the USA and India through its social arm – **"Karma"**. Few of the achievements of "Karma" arm over the last year includes supporting the special children at Srirampur Child Guidance Center (India), supporting 100 underprivileged students at Gadadhar Pathshala run by Ramakrishna Mission (India) and the School Supply drive on Aug 15th 2015 in association with Jersey Cares (USA).

The organization is committed to various social causes and has planned out some major events in the near future, including a "Blood Donation" drive in Jersey City, NJ in November 2015 and "Coat drive" during these two days of Durga Puja. I sincerely thank all of the GSPC committee members, volunteers and not the least, their families for supporting these initiatives despite such hectic schedules. We will need all of your support in making "Karma@GSPC" go from strength to strength. I encourage all of you to reach out to the senior committee members if you think you can contribute.

Lastly, I would like to say a BIG thanks to everyone for attending our Durga Puja - our biggest fundraiser event for Karma@GSPC. Also, I greatly appreciate the trust of our sponsors and we sincerely hope to keep up with our promises. Please stand with us, work with us and help us with the revenues to help the 'children in need'. At last, my deepest appreciation to my dearest committee members and their supportive families. GSPC has taken today's shape due to their tireless and unflinching efforts. I also would like to thank our seniors for their continued guidance and mentorship.


Once again, on behalf of the GSPC family, a very warm welcome to everyone! Enjoy these two days to the fullest in our "ghoroa-pujo" environment! Would greatly appreciate if you could kindly leave us some feedback as well.

Let's walk together in this journey and contribute for children who need all of us.

Warm regards,

Indrani Mukherjee | President (GSPC) | 24th Oct 2015


GSPC
Bengali Socio-Cultural Organization of New Jersey
GARDEN STATE PUJA COMMITTEE
NEW JERSEY ★ ESTD. 1981
GSPC
Bengali Socio-Cultural Organization of New Jersey
GSPC
karma@GSPC


The blood you donate
can give someone
another chance at life.
Life Shared. Life Saved.
A karma@GSPC initiative
giving back to ur future
Blood Drive on Saturday Aug 29th 2015
@ St John the Baptist Church, JSQ
Donor Guidelines:
- Weigh at least 110 lbs.
- Eat before donation, Bring I.D.
- Complimentary non-fasting Glucose and Cholesterol test with every blood donation
COMMUNITY BLOOD SERVICES


Kids Scissors
Back to School Drive.
A karma@GSPC initiative
A karma@GSPC initiative...
SCHOOL


Support karma@GSPC
giving back to ur future
GSPC
ESTD 1986
karma@GSPC
RAMAKRISHNA MISSION

# About GSPC

**Garden State Puja Committee (GSPC)** is a registered, not-for-profit community organization (501c (3)), ESTD 1981. Some enthusiastic and energetic Bengalies formed this organization and to mention some of those are: Mr. Amitabha Sen, Mr. Asit Roy, Mr. Biren Bhattacharya, Mr. Prabhat Dutta, Mr. Tapas Ganguly, Mr. Pijush Chakrobarty, Mr. Biresh Biswas, Mr. Sandip Saha, Mr. Swapan Roychowdhury, Mr. Barin Bandopadhyay, Dr. Suman Das, Mr. Mono Ranjan Sen, Mr. Kamal Aditya and Mr. Ashok Rakshit. We are one of the earliest American-Indian socio cultural organization initiated in NJ and our efforts have been preserving the heritage and culture of India.

Our long-term mission has always been helping the community through '**Karma**', the charitable work that has enabled us touching the lives of children substantially. Our goal is to support the organizations that have dedicated themselves towards making meaningful differences for children who are in need. We are determined to partner with such organizations that are struggling financially and support them within our means. We have been contributing to some Indian organizations like Ramkrishna Mission, Shrirampur Child Guidance Center, etc. We are supporting few of their special children and have taken up the responsibility to support those children until they become independent and move ahead with their lives.

We are also committed to support some special programs that will provide food and shelter to orphaned or abandoned children. Our book drive efforts have enabled us support the education of several enthusiastic kids and we are very determined to continue such effort as a team. Organizing blood donation camps to help children with thalassemia and many other blood-related disorders are something that we are currently working on. We also aspire to reach out to different organizations worldwide and spread our love and resources among the underprivileged children. To achieve our goals, we appreciate your effort and cooperation through your generous contributions to GSPC in our fundraising endeavors.

GSPC believes in **"Culture leads us to Karma"**. Our cultural team is well trained in various art forms like dancing, singing, dramatics, recitation, scripting and art. The experienced and trained members dedicate their time and creativity to preserve the heritage and culture of India & Bengal. We inculcate the cultural in grooming the youngster .Our passionate volunteers and kids develop cultural shows on various forms of performing arts of India. Our productions are performed for fund raising events during Saraswati Puja, Rabindra Jayanti, Poila Baishakh and at other establishments, peer organizations in the community for edutainment.

# GSPC Scholarship for Shrirampur Child Guidance Center (SCGC)

Shrirampur Child Guidance Center was founded in 1986 with 4 students at the suburban town of Serampore in Hooghy District in West Bengal, India. The School has faced financial hurdles from the beginning but thanks to a team to extremely dedicated teachers, the School has grown over the years and now houses almost 145 Special Needs children.

Garden State Puja Committe (GSPC) has been extremely generous in their donation of $850. This appreciable amount will go a long way in covering many of the costs incurred by the School. Firstly, GSPC will be sponsoring 10 students who come families struggling with the financial burden of meeting their child's special learning needs. The GSPC Fund helps with special therapies, equipment, testing and specialized materials. A portion of the fund will also be used in purchasing equipment particularly geared towards special needs.

***<u>Some Children Of Shrirampur Child Guidance Center</u>***

| | | | |
|---|---|---|---|
|  Rupam Das 10 years old; loves to socialize and sports. He is hearing impaired. |  Ritika Prasad 10 years old and hearing impaired; loves drawing in landscape |  Himangshu Malik 10 years old hearing impaired boy. He spends most of the time making different types of structures with plastic block (ships, horses and other animals). |  Ritwik Karmakar 14 years old is hearing impaired and loves coloring. Nature is his favorite subject. |
|  Piali Bogi 13 year old hearing impaired girl; loves to cook and help her mother with cooking. |  Monoj Choudhury 15 years old hearing impaired; loves to express himself through mime and acting. |  Kabita Munshi 12 years old and is mentally disabled; Her favorite hobby is dancing. |  Bishakha Dutta 11 years old and is mentally disabled girl; She loves dancing and rhythm and is very expressive with her big eyes. |
|  Amartya Dutta 13 is mentally disabled boy and loves funny poems and rhymes. |  Sayan Das 4 year old boy who loves to draw and paint figures. | | |

# GSPC Scholarship for Gadadhar Pathshala

*Dear All,*

*I thank you a lot for the email seeking my write-up on the Garden State Puja Committee as such. I know that you hold this Puja with utmost devotion and care. The Puja of the Mother Durga has to be done according to the scripture injunctions and also the performers must have right earnestness and devotion. I know you, the members, are conscious of that. It is not just all mirth and merry makings.*

*Of course, I appreciate you move towards helping those like us who are helping others. This time you helped us in running the **Gadhadhar Pathshala** (Class KG – IV) at the Institute. We give them breakfast, dress, educational kits etc free of cost. They mostly come from these slums in our locality. I feel you will have the benefit of charity done by us through your help.*

*I congratulate all the members to GSPC at your place for holding the Durga Puja this year also and also help us as usual by sending your mite for the children. I am sending a **painting by a student here for your magazine**.*



*I wish you a happy Puja.*

*Love*

*Yours affectionately*
*Swami Suparnananda (Satya Da)*

*Secretary, Ramakrishna Mission Institute of Culture, Kolkata, India*

**~: Lord of my life :~**

( An effort by Sayantan Dutta)

O Ramakrishna, the lord of my life.
O Ramakrishna, the thrum by the hive.

Thou my soul, with a glimpse of your smile,
I bourne the pain of this bodily exile.

With deep gratitude from this humble heart,
Thyself I beg to salvage my clart.

With folded hands in deep solitude and silence,
I beg, i beseech, a grain of thou essence.

O poorest of the poor, O king of the kings,
Epitome of cognizance, still so placid thy wings.

I close my eyes still blaze the shine,
My spirit takes courage from divine thine.


Face to face here i stand.
Whisper to me and behold my hand.

O Ramakrishna, the thrum by the hive.
O Ramakrishna, the lord of my life.




*Jasnoor*, 18 years old, was Diagnosed with Acute Lymphoblastic Leukemia, a form of blood cancer at the age of 13 and was able to go in to remission in 2012.

In December of 2014, the disease came back and he is again fighting for his life. Living with Leukemia has heavily affected his life in terms of education, interest in sports and just overall life-style. None of his family members are a match. His best chance of finding a match is from someone from the South Asia. He is in a dire need of a match especially since this is his second time undergoing chemotherapy. and for many such children around .



# Garden State Puja Committee (GSPC)

## Blood/ Bone Marrow Drive For Children Need.

**Saturday, November 21, 2015**
**10:00 am to 3:00 pm**
**St John the Baptist Church**
**3026 Kennedy Blvd. Jersey City**

**For more information or to schedule an appointment, please call ( 201) 653-8814 or use the following link:**

https://donor.cbsblood.org/donor/schedules/drive_schedule/39513

**Walk-ins are welcome!!**

---

**Donor Guidelines:**
- Weigh at least 110 lbs,
- Eat before donation
- Bring ID

GARDEN STATE PUJA COMMITTEE NEW JERSEY ESTD. 1981
GSPC
Culture leads us to Karma

BE THE MATCH®

COMMUNITY BLOOD SERVICES
Life Shared. Life Saved.

# হারায়ে খুঁজি

পার্থপ্রতিম দেব ( নান্দীকার )

আমার স্বপ্নে দেখা দুটি নয়ন, হারিয়ে গেছে কোথায় কখন। নিঝুম সন্ধ্যায় ক্লান্ত পক্ষিরাজ সাতরঙ্গা এক পাখি। নবমী নিশিরে তোর দয়া নাই। সত্যি! কোথায় হারিয়ে গেল। এই তো সেদিনের কথা। মা বাবার সঙ্গে প্রত্যেক পুজোতে যেতাম মামাবাড়ি – বাঁকুড়া। আলো নেই, শব্দ নেই, বৈভব নেই, দেখানেপনা নেই – নেই নেই নেই। এত কিছু নেই এর মাঝে যা ছিল, সে এক কথায় আনন্দ ভান্ডার। আনন্দ ডোমের জন্য বাবা মনে করে এক বাক্স চারমিনার সিগারেট নিয়ে যেত। বিষ্ণু নাপিতের জন্য বড়বাজার থেকে এক ডিবে নস্যি। অন্নাদির জন্য একটা গামছা। কত তুচ্ছ এসব দেওয়া নেওয়া। অথচ কি অফুরান ভালবাসা। অনাবিল সম্পর্কের টান ছিল একে অন্যের প্রতি। বড়মামা এক বাক্স বাজি কিনে নিয়ে যেত ক্লাসের সবার জন্য। কোনো ভেদ নেই, কোনো ভাগাভাগি নেই সেই আনন্দে। সকলে মিলেমিশে জুড়ে থাকত একেবারে। নবমীর দিন দাদু গ্রামের সকলকে পেট ভরে সকালে খাবার খাওয়াতো। মাছ, তরকারী, ডাল, ভাত। তাতেই কি আনন্দ। কত লোক খেত? সে বলতে পারবনা। তবে এটা দেখতাম দুপুর থেকে বিকেল সবসময়েই উঠান ভর্তি থাকত। চক্রবর্তী মামার বড় ছেলে বাবুদা, শুনতাম নাকি সে আমেরিকায় থাকত।

প্রতি বছর পুজোয় বাড়ি আসতো। কোমরে গামছা বেঁধে লেগে যেত পরিবেশনে। কারুর শরীর খারাপ হলে বাবুদা স্টেথো নিয়ে বসে পরত, ডাক্তার ছিলতো। তারপর সন্ধিপুজায় এপাড়া ওপাড়ায় মান রাখতে যাওয়া। বিসর্জনের দিন ডোম্ পাড়ার লাঠি খেলা দেখা, কাঁধে করে প্রতিমা বিসর্জন। তারপর রাত থাকতেই সকল গুরুজনকে প্রনাম – লাড্ডু, নাড়ু, ঘুগনি। পরদিন থেকে বিজয়ার চিঠি।

সত্যি সেদিনের কথা। ভাবলে মনে হয় বুড়ো হয়ে গেছি। আসলে তাতো নয়, স্মৃতিতো এলোমেলো আবছা হারিয়ে যাওয়া একদল। আজকের এই দুরন্ত জীবনে এটাই বাস্তব। ১৯৮৫ সালে শেষ মামাবাড়ি যাওয়া। ৮৬ সাল থেকে শুরু হলো নাটক, নাটক আর নাটক। প্রতি পুজোতে পঞ্চমী থেকে নবমী রোজ কখনো একটা, আবার কখনো দিনে দুটো করে অভিনয়। ভুলে গেলাম মামাবাড়ির কথা। ভুলে গেলাম দুর্গাপুজোর আনন্দ। নতুন জামা, নতুন জুতো। আস্তে আস্তে নাটক করা থেকে করানোতে জড়াতে লাগলাম। এমনিতেই নাটক তৈরী, বিশেষত ছোটদের নাটক করানোর কাজে সুখ্যাতি ছিলই। ফলে পুজোর নাটকে জড়াতে লাগলাম।নাটকে পেশাদারী হয়ে গেলাম। ধীরে ধীরে মহালয়া, পুষ্পাঞ্জলি, ভাইফোঁটা, সবই যেন জীবন থেকে হারাতে বসল। আমি প্রফেশনাল হয়ে গেলাম।আস্তে আস্তে নিজ নিজ ক্ষেত্রে প্রত্যেকেই প্রফেশনাল হয়ে যায়, হয়ে যেতে হয়। জীবন এরকমই। তবে জীবন তো আমারি, আমিই তো তাকে নিয়ন্ত্রণ করি। সে নয়। ১৯৯৬ সালে নিজেকে বদলে নিলাম। শুধু নবমীতে দুটো অভিনয় ছাড়া আর সব দিন শুধু আনন্দ। নতুন জামা, সুস্বাদু খাবার, বন্ধু আর আত্মীয় পরিবারের সঙ্গে চুটিয়ে হইহই। আর সন্ধ্যে হলে এ মন্ডপ ও মন্ডপ ঘুরে ঠাকুর দেখা। ভিড় ঠেলে অন্যদের নতুন পোশাকের গন্ধ নেওয়া। আর এবারের পুজোতে মন পড়ে থাকবে বিট্টু, ডিটটু, ভিভাস, মূর্ছনা, অলি, ঈশানী, সৃজন, নিতান্ত, অর্ক,সৃজনী, মিতালি, সুনয়া, কিরিন, পুন্যাহ আর ভিভলিদের সাথে নিউ জার্সিতে। এত ভালবাসায়

বাঁধলো আমায় নিউ জার্সি, এবার পুজোয় সেই গন্ধ মাখবো সারা গায়। যেখানেই যাব, বলব মৃত্তিকার কথা, সকল বাবা মায়েদের কথা। শিকরকে ধরে রাখার এমন আকুতি, এমন ইচ্ছা, না দেখলে বিশ্বাস করা দায়। সফল হোক আপনাদের প্রয়াস, ধন্য হোক আপনাদের প্রচেষ্টা। বারবার বলি – "আসছে বছর আবার হবে"।।



Parthapratim Deb: An actor and musician, Parthapratim Deb has directed 50-odd plays with school children under the Theatre-in-Education program in the last decade. He has acted in almost all of Nandikar's recent productions and has directed music for some of them. He has received scholarships and fellowships from the Department of Culture, Government of India, during 1990-92 and 2007-09.

## প্রবাসে পুজো


অনিন্দ্য বোস

সাত সমুদ্র তের নদীর পার
GSPC – র সদস্য সংসার
এখান থেকে এটাই শুধু চাই
কাটুক ভালো, ভালো থাক সব্বাই

হয়ত অনেক অনেক দূরে থাকো
বুকের মধ্যে হাজার স্মৃতি নিয়ে
সেই কারণেই কাব্য পাঠিয়ে দিলাম
উড়োজাহাজ কে বেদম ফাঁকি দিয়ে

দূর্গা আসুক তোমার আমার ঘরে
প্রানের স্ফুরন জাগুক বিশ্বভরা
সোদ্দা কথা বলতে গেলে এখন
নিউ জার্সি, কলকাতা, এক ই পাড়া

কাশফুল আর শরত মেঘের সাথে
ছুটি কাটাই আনন্দে সারাবেলা
এই কটা দিন একসঙ্গেই আছি
নেই পাসপোর্ট, ভিসার ঝুটঝামেলা





সত্যিটা হল



বিনায়ক বন্দ্যোপাধ্যায় :

বিনায়ক বন্দ্যোপাধ্যায় আজকের বাংলা সাহিত্যে একটি স্বাতন্ত্র্য-চিহ্নিত নাম। ইতিমধ্যেই তাঁর চোদ্দটি কাব্যগ্রন্থ এবং পনেরোটি উপন্যাস প্রকাশিত। বিনায়কের বিখ্যাত উপন্যাসগুলির কয়েকটি, " সোহাগিনীর সঙ্গে এক বছর, সিকন্দর,, ভৌ" ইত্যাদি। বিনায়কের কাব্যগ্রন্থগুলির মধ্যে বিশেষ উল্লেখযোগ্য, " ছেড়েছি সব আসম্ভবের আশা, তুমিই প্রাণ তুমিই পর" ইতাদি। বিনায়ক পেয়েছেন, " কৃত্তিবাস" " বাংলা আকাদেমি" "ভাষানগর " ইত্যাদি।

হট সিট

অভিলাষ বসু, আপনি আর দশ সেকেন্ড মাত্র সময় পাবেন । তারপরই এই লাল আলোটা জ্বলে উঠবে আর আপনাকে নেমে যেতে হবে হট সিট থেকে । মনে রাখবেন, এখনও পর্যন্ত জেতা আপনার দু'লক্ষ টাকা আপনার সঙ্গেই থাকবে তখন । কিন্তু যদি আপনি দশ সেকেন্ড সময় পেরিয়ে যাওয়ার আগেই উত্তর দেন এবং সেই উত্তর ভুল হয়, মানে আমাদের পলিগ্রাফ টেস্টে প্রমাণিত হয় যে আপনি মিথ্যে বলছিলেন, তা হলে মাত্র পঞ্চাশ হাজার টাকা নিয়ে আপনাকে ফিরে যেতে হবে বাড়ি । আপনার স্ত্রী কাকলিদেবী, যিনি আপনার সঙ্গে এসেছেন আজকে, যে-কোনও মুহূর্তে আপনাকে খেলতে বারণ করতে পারেন কিন্তু এখনও পর্যন্ত তিনি সেরকম কোনও অনুরোধ করেননি । অভিলাষ, আপনি আর মাত্র পাঁচ সেকেন্ড সময় পাচ্ছেন ।

তার ভিতরে আপনি চাইলে উত্তর দিতে পারেন, চাইলে নেমে যেতে পারেন । কিন্তু যেটাই করুন, সম্পূর্ণ সততার সঙ্গে করতে হবে । কারণ, আমাদের এই অনুষ্ঠান মিথ্যের ভিতর থেকে সত্যিকে টেনে বের করে আনে, মুখোশ ছিঁড়ে দুনিয়াকে দেখিয়ে দেয় আপনার সেই মুখ, যা আপনি আয়নাকে দেখাতেও ভয় পেতেন এতদিন । আর মাত্র তিন সেকেন্ড, দু'সেকেন্ড, এক সেকেন্ড ... উত্তর দেবেন, আপনি উত্তর দেবেন তার মানে! আপনার সাহসের প্রশংসা করি আমরা, অভিলাষ । আপনি সেই বিপজ্জনক প্রশ্নের জবাব দেবেন বলে ঠিক করেছেন যার সামনে থেকে অনেকেই হয়তো পালিয়ে যেত । আর শাবাশ বলতেই হবে আপনার স্ত্রী কাকলিদেবীকেও কারণ তিনি বাজার টিপে আপনাকে বারণ করেননি । তো, দর্শকবন্ধুরা আমাদের অনুষ্ঠান এখন এক চরম উত্তেজনাকর মুহূর্তে এসে পৌঁছেছে যেখানে অভিলাষ বসু আর একটি মাত্র প্রশ্নের সত্যি উত্তর দিলেই জিতে নেবেন দশলাখ টাকা । আর সেই প্রশ্নটাই আপনারা স্ক্রিনে দেখতে পাচ্ছেন এখন - অভিলাষ, আপনি কখনও আপনার স্ত্রীর গালে সিগারেটের ছেঁকা দিয়েছেন? এমন একটা সময় সেই ছেঁকা দিয়েছেন, যখন উনি প্রেগন্যান্ট?

উত্তর দিন প্রশ্নটার । হ্যাঁ কিংবা না । মনে রাখবেন, দশলাখ টাকা আর আপনার মধ্যে এখন দূরত্ব কেবলমাত্র একটা সত্যি জবাবের । কাম অন, অভিলাষ ।

ফ্ল্যাশব্যাক ১

আমার বরকে যা বলছিস বল । আমায় বাহবা দেওয়ার কী দরকার? এই প্রশ্নের সত্যি উত্তরটা বাইরে এলে বিরাট মানহানি হয়তো হবে । কিন্তু কে আর এখন সম্মান ধুয়ে জল খাচ্ছে? সবাই যে যার মতো গুছিয়ে নেওয়ার চেষ্টা করছে; যে পারছে এগিয়ে যাচ্ছে, যে পারছে না, ফুটপাথে পড়ে থাকছে । মুশকিল হল, ওই ফুটপাথে থাকা মানুষও পাশে আর একটা মানুষকে চায় যার সঙ্গে তার স্বার্থের সম্পর্ক নয়, ভালবাসার সম্পর্ক । আমি আমি তো ভালবাসি, অভিলাষকে । লোডশেডিংয়ের রাতে আমাদের ছোট্ট ফ্ল্যাটের ঘুপচি রান্নাঘরে ডিমের ডালনা রান্না করার সময় ও যখন আমায় জড়িয়ে ধরে পিছন থেকে তখন কই গুমোট লাগে না একটুও । ওই ঘামের গন্ধ পৃথিবীর সেরা ডিওডোর‍্যান্টকে হার মানিয়ে দেয় পলকে। কীভাবে হয় এতসব? ভালবাসা আছে বলেই তো । আর সেই ভালবাসায় আমার ভিতরটা ভর্তি ছিল বলেই সেদিন যখন ওই 'সত্যি' খুঁটে তোলার টিম আমার ঘরে এসেছিল রিসার্চ করতে, আমি লুকোইনি কিছু । ওরা ক্রমাগত বলে যাচ্ছিল, চমকদার কিছু, সেনসেশনাল কিছু বলতে, তা নইলে দর্শককে ধরে রাখা যাবে না । আর দর্শককে ধরে রাখা না গেলে টিআরপি উঠবে না, টিআরপি না উঠলে স্পনসর আসবে না, স্পনসর না এলে প্রোগ্রাম থেকে আমাদের টাকা দেবে কেমন করে?

ওদের কথা বুঝতে পারছিলাম সবই কিন্তু আমাদের জীবনে সেনসেশনাল কিছু সেভাবে ঘটে কই যে বলব? বড় বড় লোকেরা যে ঘটনাগুলো ঘটান আমরা তার ফল ভোগ করি মাত্র । আর ফলটার সঙ্গে জড়িয়ে যেতে যেতে কখন যেন কাজটাকেও আমাদের নিজেদের বলে মনে হয় । তাই হয়তো অভিলাষের ওই সুর বাঁধা, গান গাওয়ার মধ্যে দিয়ে আমি পৌঁছে গিয়েছিলাম সংগীতের বিরাট দুনিয়ায় । সেখানে তবলা, মৃদঙ্গ, হারমোনিয়াম, সেতার, সরোদ, সিন্থেসাইজার - কী নেই! কিন্তু সবচেয়ে বেশি আছে, পলিটিক্স । অভিলাষের সঙ্গে সংসার করতে করতে, আমার অন্তত তাই ধারণা । যে-গান ও ভালবেসে আঁকড়ে ধরেছিল সেই গানের জগৎ থেকেই ওকে এত কষ্ট পেতে দেখে আমার মনে হত ওকে ছেড়ে দিতে বলি গান । কিন্তু জল ছাড়া মাছ যেমন বাঁচে না, শিল্প ছাড়া বাঁচে না শিল্পী । আর একবার নিজেকে 'শিল্পী' ভাবতে অভ্যস্ত হয়ে যাওয়া মানুষ কিছুতেই আর আমজনতার সঙ্গে মেলাতে পারে না নিজেকে ।

এসব কথাই বলছিলাম ওদের । হঠাৎ করে ওই ফরসা, রোগা, শার্প চেহারার মেয়েটা, তৃণা নাম, জিজ্ঞেস করে বসল, কাকলিদি আপনার বাঁ গালে ওই দাগটা কীসের?

আমি অন্যমনস্ক ভাবে বললাম, সিগারেটের ছ্যাঁকা লেগেছিল গো!

- সিগারেটের ছ্যাঁকা? কীভাবে লাগল?

- আরে, অভিলাষ তখন সিগারেট খেত, টুকটাক, এখন গলার ক্ষতি হবে বলে বলে আমি ছড়িয়েছি - কিন্তু সেসময়

- সে সময় মানে কত দিন আগে? তৃণা আমায় থামিয়ে দিয়ে জানতে চাইল ।

- অনেক দিন আগে । আমার মেয়ে জন্মায়নি তখনও, ইনফ্যাক্ট আমি জাস্ট কনসিভ করেছি । তখনই একদিন অ্যাক্সিডেন্টালি ...

- আপনি মিথ্যে বলেছেন কাকলিদি; অ্যাক্সিডেন্টালি ব্যাপারটা ঘটেনি । অভিলাষদা ডেলিবারেটলি সিগারেট দিয়ে ছ্যাঁকা দিয়েছিলেন আপনাকে । তাও আবার আপনি যখন প্রেগন্যান্ট ।

- না, না, এরকম কিছুই ঘটেনি। তুমি ভুল করছ ।

- ভুল আপনি করেছেন । এবং এখনও করছেন এরকম একটা লোকের সঙ্গে থেকে । কীভাবে পারেন, একটা নৃশংস লোককে নিজের হাজব্যান্ড বলে পরিচয় দিতে যে প্রেগন্যান্ট স্ত্রীকে পর্যন্ত রেয়াত করে না?

- তোমাদের কী এভাবে কথা বলার ট্রেনিং দেয় নাকি? আমি হেসে ফেললাম এবার।

আমায় হাসতে দেখে তৃণা একটু বিব্রত হলেও সামলে নিল, তা হলে কি আপনি বলতে চাইছেন, আপনাকে আদর করতে গিয়ে আপনার গালে সিগারেটের ছ্যাঁকা দিয়েছেন আপনার হাজব্যান্ড?

- ঠিক তা নয় । এমনিই লেগে গিয়েছিল ।

- আপনি এড়িয়ে যাচ্ছেন কাকলিদি । একটা মেয়ের গাল এমনভাবে পুড়ে গেল যে ছ'-সাত বছর পরেও তার চিহ্ন রইল, আর আপনি বলছেন, এমনিই । আচ্ছা একটা কথা জিজ্ঞেস করব আপনাকে, ইফ ইউ ডোন্ট মাইন্ড, অভিলাষদা কি রেপ করতে গিয়েছিলেন আপনাকে, সেই রাতে? আপনি বাধা দিয়েছিলেন আর উনি সেটা মানতে পারেননি বলেই...

আমি উত্তর না দিয়ে চুপ করে তাকিয়ে রইলাম, তৃণা বলে মেয়েটার দিকে । অন্তত বছর দশেকের ছোট হবে আমার থেকে। একটা জেনারেশনেরই ফারাক বলা যায় কিন্তু কথা বলছে দ্যাখো! মনে হচ্ছে আমি ওর সমবয়সী একদম । আর যে-কথাগুলো বলছে, সবই সাংঘাতিক, কিন্তু এমনভাবে বলছে যেন আপনি কফি খাবেন না চা, জানতে চাইছে । এই, 'কেয়ার করি না' অ্যাটিচ্যুডটার নামই কি কনফিডেন্স? নাকি এটা একটা মুখোশ যেটা ওরা কাজের সুবিধের জন্য পরে?

আমায় চুপ করে যেতে দেখে তৃণা স্ট্র্যাটেজি পালটাল । আপনি থেকে 'তুমি'তে নেমে এল । আর আমার হাতটা চেপে ধরে বলল, অ্যাই কাকলিদি তুমি কিন্তু কিছু মনে করতে পারবে না ।

- মনে করিনি তো; অবাক হয়েছি। আমি আলগা একটা হাসি ঠোঁটে ঝুলিয়ে বললাম ওকে।

- উঁহু, আমি জানি, তুমি মনে করেছ । কিন্তু ভেবে দ্যাখো, আমি যদি থোড়-বড়ি-থাড়া টাইপ একটা রিপোর্ট জমা দিই তা হলে তোমরা শর্টলিস্টেড হওয়ার পরও ক্যানসেল হয়ে যাবে । চ্যানেল সবসময় চাইবে, ব্লাস্ট হয় এমন কিছু

। সেখানে কত লোক কোথায় কবে খুন করে এসেছে সেটা পর্যন্ত বলে দিচ্ছে আর তুমি যদি সামান্য একটা ব্যাপারে এত সেন্টিমেন্টাল হয়ে যাও ...

- আমি সেন্টিমেন্টাল হইনি তৃণা । তুমি চাইলে এটাকে ইউজ করতে পারো ।

- থ্যাঙ্ক ইউ কাকলিদি । আমি জানতাম তুমি আলটিমেটলি ব্যাপারটাকে স্পোর্টিংলি নেবে । আচ্ছা, টাকাটা তো শেষ অবধি তোমরাই পাবে তাই না? এবার লক্ষ্মী মেয়ের মতো ডিটেলটা ঝটপট বলে দাও তো । আমাকে আবার আর একটা বাড়িতে ছুটতে হবে, এখনই ।

- ডিটেলটা আমি বলব না, তৃণা ।

- মানে?

- মানে, সত্যিই আমাদের টাকার খুব দরকার এবং আমরা এই খেলাটাতেও অংশ নিচ্ছি ।

- আরে সেই কারণেই তো...

- দাঁড়াও, শেষ করতে দাও আমাকে । আমি তোমাকে যতটা বলেছি ততটা ব্যবহার করতেই পারো । আমার গালে সিগারেটের ছ্যাঁকা লেগেছিল এবং সেটা অভিলাষের সিগারেট থেকেই ।

- কিন্তু এটা তো শুধু স্টেটমেন্ট, তৃণা বিস্ময়ের গলায় বলল ।

- তুমি তার বেশি যেটা চাইছ, সেটা আমার পক্ষে দেওয়া সম্ভব নয় । কারণ, এমন কোনও কোনও ঘটনা থাকে যা এক্সপ্লেইন করে বোঝানো যায় না । কাউকেই না ।

- ওহ, আই সি । কিন্তু এই ডেটা ব্যবহার করে শো'তে যদি প্রশ্ন করা হয়?

- তখন, অভিলাষ বুঝবে, কী উত্তর দেবে । আমি আবারও হাসলাম ।

সেদিন ওই উত্তরের পর তৃণা আর কথা বাড়ায়নি কিন্তু আজ এখানে বসে বুঝতে পারছি এই শো টেলিকাস্ট হওয়ার পর যে হাজারও প্রশ্ন উঠবে, তার উত্তর দেওয়ার ক্ষমতা আমাদের থাকবে না । মাঝারি খ্যাতির গায়ক এবং সুরকার অভিলাষ ঝট করে একদম প্রচারের সাইক্লোনের মুখে এসে পড়বে এবং তার সঙ্গে আমিও । কিন্তু সেটা তো নেগেটিভ পাবলিসিটি । স্ত্রীকে পুড়িয়ে মারার চেষ্টা করা একটা লোক, কে শুনবে তার গান? কে আবার সুযোগ দেবে তাকে? তার চেয়ে যতটা টাকা জিতেছে তাই নিয়ে মানে মানে সরে পড়াই বুদ্ধিমানের কাজ, কিন্তু তিন্নিকে বাঁচাতে আমাদের দশ-বারো লাখ লাগবেই। আর তার জন্য যদি এই স্যাক্রিফাইস করতেও হয় তো...

কিন্তু আমি সে কারণে বাজার টিপিনি, তা নয় । এই অবস্থাতেও আমি অভিলাষকে বারণ করতাম ওই প্রশ্নের উত্তর দিতে । কিন্তু প্রশ্নটা স্ক্রিনে ভেসে ওঠার সঙ্গে সঙ্গে ও যখন আমার দিকে তাকাল, আমাদের দু'জনের মনেই একসঙ্গে আছড়ে পড়ল অতীতের একটা মুহূর্ত...

ফ্ল্যাশব্যাক ২

যার মেয়ের হার্টের ভালভে ফুটো বেরিয়েছে, অবস্থা এত সঙ্গিন যে, তাড়াতাড়ি কিছু করতে না পারলে 'বাবা' পরিচয়টাই খুব শিগগির মুছে যাবে, সে তো মরিয়া হবেই । কিন্তু তার সুযোগ নিয়ে তাকে জনসমক্ষে উলঙ্গ করার চেষ্টার নাম কি খেলা? এটা তো একরকম ব্ল্যাকমেল । প্রশ্নটা স্ক্রিনে ভেসে উঠতে এই কথাটাই মনে হয়েছিল আমার । ওদের রিসার্চ টিম ব্যাপারটা জানল কী করে সেটা ভেবে কাকলির উপর রাগও হল । কই ওদের যে এতসব কিছু বলেছে সে সম্পর্কে আমাকে তো জানায়নি কিছু । সতর্ক করেনি একবারও । কিন্তু কাকলির চোখে চোখ পড়তেই আমি আমার রাগ, লজ্জা, সংশয় সবকিছু বিস্মৃত হলাম । একটা অচেনা রকেট আমায় হুউশ করে পৌঁছে দিল সেই রাতে, যার কমা, সেমিকোলন পর্যন্ত আমার আত্মায় গেঁথে আছে ।

টাইটানিক যেভাবে জলের তলায় চলে যায়, আত্মায় লেগে থাকা ঘটনাও সেভাবে কোণা-খামচিতে লুকিয়ে পড়ে । সময় এক আশ্চর্য মলম যা সবকিছু ভ্যানিশ করে দেয়, আবার ভ্যানিশ হওয়া ঘটনাও দুম করে ফিরে আসে, দপ করে জ্বালিয়ে দেয় আলো । ভুল বললাম, অন্ধকার। সেদিনের মতো ঘন অন্ধকার অল্প কয়েকবারই এসেছে আমার জীবনে । যে-সিনেমাটায় কাজ করব বলে দু'মাস পাগলের মতো খেটেছি সেই সিনেমাটায় যখন আমাকে দরকার নেই বলে জানিয়ে দেওয়া হল, এক গলা মদ খেয়ে রাস্তার পাথরে লাথি মারতে মারতে বাড়ি ফিরেছিলাম । কিন্তু তার

সাতদিনের মাথায় যখন আমার করা সুর এফ এমে বাজতে লাগল আর একটা বড় নাম বলা হতে থাকল, আমার মনে হল চিৎকার করে গোটা দুনিয়াকে জানাই, সুরকার ওই লোকটা নয়, আমি ।

কিন্তু চিৎকার করব কী করে? আমার গলা দিয়ে কোনও স্বর বেরচ্ছে না তখন, আমার হাত ল্যাতপ্যাত করছে হাওয়ায়, আমার পা পাথরে লাথি মারবে না ছাই, পাথর-ধুলো-বালি সব যেন আমায় লাথি মারছে, আমি এমন একটা খাদের কিনারে গিয়ে দাঁড়িয়েছি যেখান থেকে পিছন ফিরে তাকানো যায় শুধু, সামনে এগনো যায় না।

কী দেখব পিছনে তাকিয়ে? ভাল করে খাইনি, স্নান করিনি, কাকলির সঙ্গে কথা বলিনি পর্যন্ত যার জন্য সেই সব গানগুলো অন্যের পরিচয়ে আমার সামনে বাজলে আমার অতীত বলে কী থাকে? ছাই । আর ভবিষ্যত? আরও বড় ছাই । কিন্তু এত ছাই আমি গায়ে মাখি কী করে? পারব না, কিছুতেই পারব না । ভাবতে ভাবতে ছুটে গেলাম পরিচালকের কাছে । পরিচালক মিষ্টি কথা বলে প্রসঙ্গটাই এড়িয়ে গেল । দৌড়ে গেলাম প্রডিউসারের অফিসে । প্রডিউসার দেখাই করল না । আমার এক বন্ধুর সূত্রে একটা টিভি চ্যানেলে ব্যাপারটা জানালাম । তার পালটা জিজ্ঞেস করল, গানগুলো যে আমিই তৈরি করেছি, কী প্রমান আছে তার?

- প্রমান কী দেব বলো তো কাকলি? আমার মাংস-হাড় কেটে কেটে দেখাব যে গানগুলো আমার মজ্জায় মিশে ছিল? আমি ঘরের দেয়ালে মাথা ঠুকতে ঠুকতে জিজ্ঞেস করলাম ।

কাকলি ওর সবটুকু শক্তি দিয়ে আমায় টেনে সরিয়ে আনল । বিছানায় বসিয়ে দিয়ে আমার মাথাটা আঁকড়ে ধরল ওর বুকে ।

- কীভাবে প্রমাণ দেব কাকলি? আমি কেমন একটা ঘোরের ভিতর থেকে জিজ্ঞাসা করলাম আবার ।

- তোমাকে আমার কাছে কোনও প্রমাণ দিতে হবে না ।

- কিন্তু দুনিয়ার কাছে? আমার নিজের কাছে? তুমি কনসিভ করেছ যে-দিন প্রথম জানলাম, সেদিন রাতে যে-সুরটা চলকে উঠেছিল মাথায়, তারপর তিনদিন ধরে যে-সুরটাকে নিয়ে ডুবলাম, ভাসলাম, আমার বাচ্চা জানবে সেই সুরটা অন্য কারওর?

- না, জানবে না । আমি তাকে সত্যিটা জানিয়ে দেব ।

- কিন্তু সে তোমার সত্যি মানবে কেন? সে তো পৃথিবীর কাছ থেকে মিথ্যেটাকেই সত্যি বলে মানতে শিখবে ।

কাকলি রেগে গেল, ইয়ার্কি নাকি? ক্ষমতা থাকলেই, টাকা থাকলেই আসলটাকে নকল বলে চালিয়ে দেওয়া যাবে? আমি কোর্টে যাব, পুলিশে ডায়েরি করব, রাস্তায় মাইক নিয়ে চিৎকার করে বলব, হ্যালো, এই গানটা আমার বরের তৈরি...

দুঃখে হেসে ফেললাম আমি । একটা সিগারেট ধরিয়ে কাকলির দিকে তাকালাম । তুমি এখনও ছেলেমানুষ আছ ।

- অন্যায়ের প্রতিবাদ করলে যদি ছেলেমানুষ হতে হয়, তাহলে আমি ছেলেমানুষই থাকব । কিন্তু তুমি দ্যাখো, এই ছেলেমানুষ, সরি, মেয়েমানুষ কী করতে পারে ।

- পাগলামি কোরো না । আমি হতাশার শেষবিন্দুতে দাঁড়িয়ে বলে উঠলাম ।

- পাগলামি তুমি করছিলে! মাথার চুল ছিঁড়ছিলে, কান্নায় ভেঙে পড়ছিলে...

- তুমি কী করছ?

- করছি না করব । মিডিয়া কি তোমার প্রডিউসারের কেনা নাকি? একটা চ্যানেল তোমার নিউজটা করেনি, সো হোয়াট, আর একটা চ্যানেল করবে ।

- কীভাবে প্রুফ করবে যে, গানটা আমারই বানানো?

- সেটা নিয়ে তোমার এখন না ভাবলেও চলবে । বলেই কাকলি ওর কলেজের এক বন্ধুকে ফোন করল ।

আমি ঘর থেকে বেরিয়ে রাস্তায় গেলাম, উদ্দেশ্যহীন পায়চারি সেরে আবারও ফিরে এলাম ঘরে । আবারও একটা সিগারেট ধরিয়ে দেখলাম কাকলি ফোনে উত্তেজিতভাবে কথা বলে যাচ্ছে ।

কথাগুলো আমার কানে ঢুকছিল না একটাও । কিন্তু যখন কাকলি আমার কাছে এসে মুখটা নামিয়ে আনল আমার মুখের কাছে, একটা অদ্ভুত গ্লো দেখলাম ওর মুখে । সেটা কি ও প্রেগন্যান্ট বলে?

আমি অন্যদিকে মুখ ঘুরিয়েছি ধোঁয়া ছাড়ব বলে, কাকলি আমার মুখটা নিজের দিকে ঘুরিয়ে নিয়ে বলল, অতসীর সঙ্গে কথা হয়ে গেল ।

- তোমার সেই কলেজের বন্ধু?

-হ্যাঁ, পাবলিক রিলেশনসে আছে ।ওর অনেক চেনাজানা মিডিয়ায় । জানো ও একজনের কথা বলল, সেই লোকটা শিওর শট হাইলাইট করে দিতে পারবে এই ব্যাপারটা ।

- পাওয়ারফুল খুব?

- ভীষণ । কিন্তু একটাই সমস্যা, লোকটার খুব আলুর দোষ । কিন্তু সেটা কোনও প্রবলেম না । আমি অতসীকে বলেছি, এই খবরটা করে দেওয়ার বিনিময়ে লোকটা যদি আমার সঙ্গে শুতেও চায়, আমার আপত্তি নেই ।

- কী বলেছ ?

- বলেছি, এই অবিচারটার প্রতিকার করার জন্য আমি শুতেও পারি লোকটার সঙ্গে । সত্যি বলছি, আমার কোনও অসুবিধে হবে না । কাকলি সহজ গলায় বলল, আমায়।

তারপর সময়ের স্পিড বেড়ে গিয়েছিল নির্ঘাত । নইলে, এক সেকেন্ডের মধ্যে সুর-তাল-সিগারেট-প্রেগন্যান্ট সবকিছু ভুলে আমি ওরকম রাক্ষুসে চড়টা মারতে পারতাম না কাকলিকে । কাকলি উলটে পড়ে যেতে যেতে আমাকে ধরেই সামলে নিল আর ওর গালে পাঁচ আঙুলের দাগের পাশাপাশি জ্বলজলে সিগারেটের ক্ষত আমার সেন্স ফিরিয়ে আনল । আমি গলায় আটকে থাকা কান্নাটাকে, গলার বাইরে আনতে না পারার অসহায়তায় বলে উঠলাম, আমার ভুল হয়ে গেছে কাকলি, আমি সহ্য করতে পারিনি বিশ্বাস করো।

কাকলি ডুকরে কেঁদে উঠল, সহ্য আমি করতে পারি না, তোমার ওপর অন্যায়, অত্যাচার হবে, তুমি গুমরে গুমরে কাঁদবে আর আমি চুপ করে থাকব? তুমি ভাবলে কী করে? কিচ্ছু এসে যায় না, আমায় কেউ - কলগার্ল ভাবলেও আমি পরোয়া করি না কিন্তু তোমার কষ্টে আমার যে পাঁজরগুলো ভেঙে যায়, দমবন্ধ হয়ে যায় আমার, আমি কী করব বলো তো?

আমি কাকলির গালের যেখানে আমার সিগারেটের ছ্যাঁকা লেগেছিল সেখানে চুমু খেতে শুরু করলাম । চুমু খেতেই থাকলাম । মনে হল, পৃথিবীর সব বার্নল যেন আমার থুতু আর আমাদের ভালবাসা দিয়ে তৈরি ।

হটসিট আবার

- হ্যাঁ, উত্তরটা আমি দেব । তবে দেওয়ার আগে দর্শকদের জানাতে চাইব, আমি আমার কমপালসন থেকে উত্তরটা দিচ্ছি ভাববেন না, প্লিজ । উত্তরটা শোনার পর আপনারা আমায় ঘেন্না করতে পারেন, আর কখনও আমার গান শুনতে না পারেন । নো প্রবলেম । কিন্তু উত্তরটার সঙ্গে এই কথাটুকু আপনাদের শুনতেই হবে, যে-দিন আমি আর কাকলি পরস্পরকে সবচেয়ে বেশি ভালবেসেছিলাম, যে-দিন পৃথিবীর দাম্পত্যের ইতিহাসে একজন স্ত্রী তার স্বামীকে এবং স্বামী তার স্ত্রীকে সবচেয়ে বেশি ভালবেসেছিল, সেদিন আমি হাতে সিগারেট নিয়ে ঠাটিয়ে চড় মেরেছিলাম আমার বউকে । আমার কথা বিশ্বাস না হলে ক্যামেরাটা ঘুরিয়ে কাকলিকে প্রশ্নটা করুন । আর দেখুন, উত্তর দেওয়ার সময় ওর মুখটা কীরকম গ্লো করে । সেই রাতে যেমন করছিল ।





# FIRST HUMAN DEAD BODY DISSECTION IN THE HISTORY OF MEDICAL EDUCATION IN INDIA AND PUNDIT MADHUSUDHAN GOOPTA (1806 – 1856)

**By Dr Sankar Kumar Nath,** *Oncologist, India*

* *Recipient of **Rabindra Puroskar** In Science (from GOVERNMENT OF WEST BENGAL IN 2014).*
* *Recipient of **Life time Achievement** Award (WB Government, India),*

On January 28, 1835, the then Governor-General William Bentinck passed a government order (G.O. No. 28, dt.28.1.1835) declaring the establishment of the first medical college in India --- MEDICAL COLLEGE BENGAL and a bunch of rules and regulations (35 in number ) was made in black and white although in this bunch there was no definite name of this medical college; it was only denoted as new medical college.(1)

But almost from the beginning, the college was called as MEDICAL COLLEGE BENGAL, CALCUTTA MEDICAL COLLEGE, MEDICAL COLLEGE OF BENGAL, MEDICAL COLLEGE OF CALCUTTA etc. But the first Principal of the college officially called it as Calcutta Medical College in his report, from the beginning.(2)

Three previous medical schools, viz., the Medical Class in Sanskrit College (Estd: 1827), the Medical Class in Calcutta Madrassa (Estd: 1827) and the Native Medical Institution (Estd: 1822) were abolished according to a recommendation of a committee on 20 October 1834. This committee was formed by the then Governor General Lord William Bentinck on October, 1833 and was consisting of 6 members viz. Dr. John Grant, J.C.C. Sutherland, C.E. Trevelyan, Thomas Spence, Dr. M.J. Bramley and Ram Comul Sen, the only Indian member.(3)

So the medical education in its true sense, started in India with a scientific approach, the medium of study was of course in English language and the curriculum was fashioned at par with the European medical institutions. Medical College Bengal became affiliated with the London University.

Thus Medical College Bengal was founded at Calcutta but due to want of adequate buildings initially the classes were started on June 1, 1835 at the house of Ram Comul Sen, situated north to Goldighi at College Square.

And then the College was shifted to the present site (88, College Street ) on 17 March, 1836. *Bengal Hurkaru* wrote on 18 March, 1836 as below:

> "The opening of the new native Medical College, which took place yesterday, was very fully attended. Among the distinguished visitors were the Governor-general, the Commander-in-chief, the Members of Council, the Law Commissioners, the heads of several of the departments and several natives of rank…"(4)

At the onset, the College began with 3 European Professors Dr. M. J. Bramley, Dr. H. H. Goodeve, Dr. W. B. O'Shaughnessy and 3 native physicians, Pundit Madhusudan Goopta, Nabakrishna Goopta, and Ram Issur Awasthi, the last three persons became demonstrators in Medical College. They had learned Ayurvedic medicine along with western medicine at Medical Class in Sanskrit College previously. Since inception of the Medical College, Dr. Bramley had been the Superintendent. On August 5, 1835, the post of superintendent was

abolished and the post of Principal was created. Dr. Bramley became the first Principal of Medical College Bengal. In fact he was the first Principal of any medical college in India. After the death of Dr Bramley in 1837 the post of principal was abolished and the great philanthropist David Hare, the Secretary of the College, held the highest post of the Medical College.(5),(6)

The number of foundation pupils was fifty. Although the medical classes were started from 1 June, 1835, the dissection of human dead body, the most essential part of the medical education, could not be started until January 10, 1836.

January 10, 1836 is a red letter day in the history of medical education in India when Madhusudan Goopta, the teacher of the Medical College Bengal, rose to the occasion keeping aside all the prejudices and threatening from the *Samajpatis* of the society, and dissected human dead body for the first time in the history of modern India for the cause of medical education. This event is indeed a most important part of the Indian renaissance. Thus, by this act, it made the way to link between the Eastern and Western nations in the context of same medical science.(7)

A vivid description of the first day dissection was given later on by another great philanthropist Drinkwater Bethune, the then President of Council of Education, in a lecture at Medical College Bengal on 15 June, 1849 after inaugurating an oil-painting of Pundit Madhusudan Goopta painted by renowned painter Madam Belnos. We can well imagine that Pundit Madhusudan Goopta was present at the function. Mr. Bethune said:

> "The 10th day of January, 1836, the date which I have affixed to the picture, a day for ever memorable in the annals of Bengal, was the great day, on which Madasuden Gupta rose up superior to the prejudices of his earlier-education, and boldly flung open the gates of medical science to his countrymen.
>
> I have had the scene described to me. It had needed some time, some exercise of the persuasive art, before Madasuden could bend up his mind to the attempt; but, having once taken his resolution, he never flinched or swerved from it. At the appointed hour, scalpel in hand, he followed Dr. Goodeve into the godown where the body lay ready. The other students, deeply interested in what was going forward, but strangely agitated with mingled feelings of curiosity and alarm, crowded after them, but durst not enter the building where this fearful deed was to be perpetrated; they clustered round the door; they peeped through the jilmils; resolved at least to have ocular proof of its accomplishment. And when Madasuden's knife, held with a strong and steady hand, made a long and deep incision in the breast, the lookers-on drew a long gasping breath, like men relieved from the weight of some intolerable suspense."(8)

Another remarkable day is October 28, 1836. On this day, amongst the students, the first human dead body dissection in India was performed by Rajkrishna Dey, a foundation pupil of Medical College Bengal.(9)

In a lecture at Calcutta Medical College in 1868, Dr. Charles Francis, Professor of Medicine, said:

> "My young friends.—There is a portrait in this theatre which tells a revolution in your country,--- not one of those revolutionary periods which are too often marked by bloodshed and disorder, but of an epoch pregnant with momentous blessings to India. It is an oft-told tale, but a tale which cannot be told too often, how your ancestor Baboo Modoosoodun

> Goopta, the pioneer of these blessings, in the courageous act by which he defied his country's scorn, established that firm basis of sound medical education, which it is now your great privilege to enjoy." (10)

After the first human dead body dissection at Calcutta Medical College, the reaction was manifolds in the society but above all the science triumphed over prejudices. And that can be realized from the fact that in the next eight years total number of dead body dissected went up to 2151--- in the 1837 the number of dead body dissected was 60; in 1838 it was 120; in 1839 it was 120; in 1840 – 174; in 1841 – 521; in 1842 – 304; in 1843 – 344; and in 1844 it was 508.(11)

Another achievement on the part of Pundit Madhusudan Goopta was that he could engage muslim students of the Medical College in the dissection and thus a reviewer of *London Journal of Medicine* (1851) wrote:

> "Such was the state of professional darkness among the Hindoos, until the institution of the Medical College in Calcutta in 1835 ; and, among the triumphs which are gradually being gained over prejudices, one of the most important has been the engaging the Mahomedan Hindustani students in the dissection of the human body. For this, the enlightened Hindoo practitioner will have to remember with gratitude the energy of Dr. Goodeve, and Pundit Moodoosudun Guptoo." (12)

A popular hearsay prevails in respect to the first day of human dead body dissection that, to make this day memorable, a gun was fired from the Fort William. Calcutta historian Raja Binaya Krishna Deb (1905) wrote :

> "It is said that a gun was fired from the ramparts of Fort William in honour of the performance of the dissection of the human bodies by the Hindu student, Babu Madhu Sudan Gupta…." (13)

But this is not correct because whole event of the first day dissection was kept secret for fear of the *Samajpatis* and in this perspective story of gun fire does not suit at all. That is why there was no news of the first day dissection in any of the newspaper or journal at that time, rather the news of this event came to light much later.

First final examination was held on and from October 30, 1838 and continued for 7 days. Eleven students were allowed to sit for but only four passed. They were Umacharan Sett, Rajkrishna Dey, Dwarkanath Goopta, and Nabinchandra Mitra. In January 1839, one more student passed in a similar examination. He is Shyama Charan Dutta. They were the first Medical Graduates from any medical college in India. These five passed students were given diploma G.M.C.B.( Graduate of the Medical College of Bengal ) which was equivalent to M.B. of London University.(14)

